

# Ticoma® DS Eye Drops

Timolol 0.5%

## Description

Timolol Maleate is a non-selective beta-adrenergic receptor blocking agent. It is used for the treatment of Glaucoma

## Mode of action

Timolol maleate is a beta1 and beta2 (non-selective) adrenergic receptor blocking agent. Through beta-adrenergic receptor blocking action Timolol reduces the production of Aqueous humor & reduces the Intra Ocular Pressure (IOP)

## Composition

**Ticoma® DS:** Each ml eye drop contains Timolol 5 mg (as Timolol Maleate BP).

Preservative: Benzalkonium Chloride Solution BP 0.02%.

## Indications

**Ticoma® DS** is indicated in the treatment of elevated Intra Ocular Pressure in patients with ocular hypertension or open-angle glaucoma.

## Dosage & administration

Instill one drop in the affected eyes twice daily.

## Contraindications

Timolol is contraindicated in patients with bronchial asthma, a history of bronchial asthma, severe chronic obstructive pulmonary disease, bradycardia, second or third degree atrioventricular block, cardiac failure & hypersensitivity to any component of this product.

## Side effects

Timolol eye drops are usually well tolerated; the following adverse reactions have been reported. Headache, asthenia/fatigue, chest pain, arrhythmia, hypotension, hypertension, heart block, cerebral ischemia, cardiac failure, angina pectoris, palpitation, pulmonary edema, cold hands and feet. Also may occur nausea, diarrhea, dyspepsia, anorexia, and dry mouth.

## Use in pregnancy & lactation

Pregnancy Category C. Timolol should be used during pregnancy only if the potential benefit justifies the potential risk to the fetus.

Timolol maleate has been detected in human milk following oral and ophthalmic drug administration. Because of the potential for serious adverse reactions from Timolol in nursing infants, a decision should be made whether to discontinue nursing or to discontinue the drug.

## Precautions

Beta-adrenergic blocking agents should be administered with caution in patient's spontaneous hypoglycemia or to diabetic patients.

## Drug interactions

Calcium antagonist, catecholamine depleting drugs, CYP2D6 Inhibitors, Clonidine, Injectable Epinephrine etc.

## Over dosage

Timolol causes systemic effects similar to those seen with systemic beta-adrenergic blocking agents such as dizziness, headache, and shortness of breath, bradycardia, bronchospasm.

## Storage

Store in a cool and dry place protected from light. Keep out of reach of children. Do not touch the dropper tip to surfaces since this may contaminate the solution. Do not use after 1 month of first opening.

## Packaging

**Ticoma® DS:** Each plastic dropper bottle containing 5 ml sterile eye drops.

# টিকোমা® ডিএস চোখের ড্রপস

টিমোলল ০.৫%

## বিবরণ

টিমোলল হলো একটি নন-সিলেকটিভ বিটা-এড্রেনার্জিক ব্লকার। এটি গ্লোকমার চিকিৎসায় ব্যবহৃত হয়।

## কার্যপদ্ধতি

টিমোলল মূলত বিটা<sub>1</sub> এবং বিটা<sub>2</sub> এড্রেনার্জিক ব্লকার। এটি এড্রেনার্জিক রিসেপ্টরকে ব্লক করার মাধ্যমে আকোয়াস হিউমারের উৎপাদন কমায় এবং পরিশেষে গ্লোকমা থেকে রোগীকে মুক্তি দেয়।

## উপাদান

**টিকোমা® ডিএস:** চোখে ব্যবহার উপযোগী প্রতি মিলি জীবাণুমুক্ত দ্রবণে আছে টিমোলল ৫ মিগ্রা (টিমোলল মেলিয়েট বিপি হিসাবে)।  
প্রিজারভেটিভ: বেনজালকোনিয়াম ক্লোরাইড দ্রবণ বিপি ০.০২%।

## নির্দেশনা

**টিকোমা® ডিএস** চোখের উচ্চ-চাপে অথবা ওপেন এঙ্গেল গ্লোকমাতে চোখের মধ্যস্থ অতিরিক্ত চাপ কমাতে নির্দেশিত।

## মাত্রা ও প্রয়োগ

অক্রান্ত চোখে ১ ফোঁটা করে দিনে ২ বার।

## বিরুদ্ধ ব্যবহার (যেসব ক্ষেত্রে ব্যবহার করা যাবে না)

যে সমস্ত রোগীর স্বাসকষ্ট আছে অথবা স্বাসকষ্টের ইতিহাস আছে, দীর্ঘদিন ধরে ফুসফুসের সমস্যা, হৃদযন্ত্রের কম স্পন্দন, দ্বিতীয় ও তৃতীয় শ্রেণীর এন্টিওভেনট্রিকুলার ব্লক, হৃদযন্ত্রের অকার্যকারীতা এবং যারা এই ওষুধের অন্য কোন উপাদানের প্রতি অতিসংবেদনশীলতা প্রদর্শন করেন তাদের ক্ষেত্রে প্রতিনির্দেশিত।

## পার্শ্বপ্রতিক্রিয়া

টিমোললের চোখের দ্রবণটি সাধারণত সহনীয়, তবে সচরাচর লক্ষণীয় পার্শ্বপ্রতিক্রিয়াগুলো হলো- মাথাব্যথা, দুর্বলতা/অবসাদ, বুকে ব্যথা, হৃদযন্ত্রের অসমস্পন্দন, রক্তচাপ কমে যাওয়া অথবা বেড়ে যাওয়া, হৃদযন্ত্রের অকার্যকারীতা বা কাজ না করা, মস্তিষ্কে অক্সিজেনের স্বল্পতা, হৃদযন্ত্রে অক্সিজেনের স্বল্পতা, বুক ধড়পড় করা, ফুসফুসে পানি জমা, হাত ও পা ঠাণ্ডা হয়ে যাওয়া ইত্যাদি। এছাড়াও বমি, ডায়রিয়া, বদহজম, ক্ষুধামন্দা ও মুখ শুকিয়ে যেতে পারে।

## গর্ভাবস্থা ও স্তন্যদানকালে ব্যবহার

গর্ভাবস্থায় C শ্রেণীর অন্তর্গত। গর্ভবতীর সজ্জা লাভ-ক্ষতি বিবেচনা করে টিমোলল ব্যবহার করা উচিত।

চোখে ব্যবহার উপযোগী অথবা মুখে সেবনযোগ্য টিমোলল মায়ের দুধের সাথে নির্গত হয়। বাচ্চর সজ্জা লাভ-ক্ষতি বিবেচনা করে টিমোলল অথবা দুগ্ধদান কোন একটা বন্ধ রাখা উচিত।

## সতর্কতা

যারা অনবরত গ্লুকোজের স্বল্পতায় ভুগছেন অথবা যারা বহুমূত্র রোগে ভুগছেন তাদের ক্ষেত্রে বিটা-এড্রেনার্জিক ব্লকিং ওষুধগুলো সাধারণত সাবধানতার সহিত ব্যবহার করতে হয়।

## অন্য ওষুধের সাথে প্রতিক্রিয়া

ক্যালসিয়াম এন্টাগনিস্ট, ক্যাটিকোলামাইন ডিপলেটিং ড্রাগ, CYP2D6 ইনহিবিটর, ক্লোনিডিন, এপিনেফ্রিন ইত্যাদি।

## মাত্রাধিক্য

চোখে ব্যবহার উপযোগী টিমোলল-এর দ্রবণটি সিস্টেমিক বিটা-এড্রেনার্জিক ব্লকিং এজেন্ট এর মতই অতিমাত্রায় বিভিন্ন লক্ষণ প্রদর্শন করে যেমন- মাথাঘোরা, মাথাব্যথা, স্বাস-প্রশ্বাসে সমস্যা, হৃদস্পন্দন কমে যাওয়া, স্বাসকষ্ট ইত্যাদি।

## সংরক্ষণ

আলো থেকে দূরে, ঠাণ্ডা ও শুষ্কস্থানে রাখুন। শিশুদের নাগালের বাইরে রাখুন। ড্রপারের উপরিভাগ স্পর্শ করবেন না, কারণ তা দ্রবণকে দূষিত করতে পারে। প্রথম খোলার এক মাস পর ওষুধটি ব্যবহার করা উচিত নয়।

## উপস্থাপনা

**টিকোমা® ডিএস:** প্রতিটি প্লাস্টিক ড্রপার-বোতলে আছে জীবাণুমুক্ত ৫ মিলি চোখের ড্রপস।



Manufactured by  
**Opsonin Pharma Limited**  
Rupatali, Barishal, Bangladesh.  
® Registered Trade Mark.